# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৯৩) তাওয়াফের পূর্বে সা'ঈ করা কি জায়েয?

উত্তর: তাওয়াফে ইফাদ্বার পূর্বে সা'ঈ করা জায়েয। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানীর দিন একস্থানে দণ্ডায়মান হলেন, লোকেরা তাকে প্রশ্ন করতে লাগল। কেউ প্রশ্ন করল, سَعَيْتُ قَبْلَ أَنْ أَطُوفَ ‘তাওয়াফ করার পূর্বে আমি সা'ঈ করে নিয়েছি।’ তিনি বললেন, لاحَرَجَ “কোনো অসুবিধা নেই।[1] তামাত্তু‘কারী যদি (মুযদালিফা থেকে ফিরে এসে) তাওয়াফের পূর্বে সা'ঈ করে এবং ইফরাদকারী বা ক্বেরাণকারী তাওয়াফে কুদূমের সাথে সা'ঈ না করে থাকলে হজের তাওয়াফের পূর্বে যদি সা'ঈ করে, তবে কোনো অসুবিধা নেই।

## ফুটনোট

[1] আবূ দাঊদ, অধ্যায়: হজ-উমরা, অনুচ্ছেদ: হজে একটি কাজের পূর্বে অন্যটি করে ফেলার বিধান। হাদীস নং ১৭২৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1167

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন